# জাতীয় কৃষি আবহাওয়া পরামর্শ সেবা বুলেটিন

**১০ জুন** (বুধবার)

[**সময়কালঃ** ১০.০৬.২০২০–১৪.০৬.২০২০]



## ডিসক্লেইমার

কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় পরীক্ষামুলকভাবে জাতীয় পর্যায়ে এবং ৬৪ টি জেলায় প্রেরণের লক্ষ্যে কৃষি আবহাওয়া সংক্রান্ত পরামর্শ সেবা সম্বলিত বুলেটিন তৈরী করা হয়েছে। সংশ্লিষ্ট সকলের মূল্যবান মতামত ও পরামর্শের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

যোগাযোগের ঠিকানাঃ ফারহানা হক, সবুজ রায়
ই-মেইলঃ pdamisdp@dae.gov.bd
ফোনঃ ০২-৫৫০২৮৪১৪, ০২-৫৫০২৮৪১৮

# <u>মুখ্য কৃষি আবহাওয়া পরামর্শ</u>

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী আগামী ২৪ ঘণ্টায় বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায়; ঢাকা, ময়মনসিংহ ও খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী ও রংপুর বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে চট্টগ্রাম ও সিলেট বিভাগে বিক্ষিপ্তভাবে মাঝারী ধরণের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। ঢাকা, মাদারীপুর, টাংগাইল, ফেনী, চাঁদপুর, সিলেট, ময়মনসিংহ, রাজশাহী, খুলনা, পটুয়াখালী ও সাতক্ষীরা অঞ্চলসমূহের উপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে। পরবর্তী ৭২ ঘণ্টায় দক্ষিণপশ্চিম মৌসুমী বায়ু চট্টগ্রাম ও সিলেট বিভাগ পর্যন্ত অগ্রসর হতে পারে। এছাড়াও, মধ্যমেয়াদি পূর্বাভাস অনুযায়ী আগামী পাঁচ দিনে দেশের বেশ কয়েকটি জেলায় যথেষ্ট বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে।

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আগামী ১০ দিনের সম্ভাব্য পূর্বাভাস:

- ব্রহ্মপুত্র-যমুনা নদীর পানি সমতল ১৫ জুন পর্যন্ত কমতে পারে তারপর বাড়তে শুরু করতে পারে। আপাতত ব্রহ্মপুত্র নদীর অববাহিকায় বিপদসীমা অতিক্রমের সম্ভাবনা নেই।
- গঙ্গা নদীর পানি সমতল সামান্য বাড়তে পারে। আপাতত গঙ্গা নদীর অববাহিকায় বিপদসীমা অতিক্রমের সম্ভাবনা নেই।
- ঢাকার চারপাশের নদীসমূহের পানি সমতল স্থিতিশীল থাকতে পারে। ঢাকার চারপাশের নদীসমূহের অববাহিকায় বিপদসীমা অতিক্রমের সম্ভাবনা নেই।

**কৃষি আবহাওয়া পরামর্শ:**

**বোরো ধান:**

- বৃষ্টিপাতের পর পরিপক্ক ফসল সংগ্রহ করে দ্রুত নিরাপদ জায়গায় রাখুন। ফসল সংগ্রহ করার সময় কৃষকদের মধ্যে যথাযথ দূরত্ব বজায় রাখতে হবে।
- সংগ্রহ করার পর শস্য রোদে শুকিয়ে ছায়াযুক্ত স্থানে রেখে ঠাণ্ডা করে বায়ুনিরোধক পাত্রে নিরাপদ জায়গায় সংরক্ষণ করুন।
- ফসল সংগ্রহের পর দ্রুত জমি চাষ করুন অথবা সবুজ সার জাতীয় ফসল বপন করুন।
- ফসল সংগ্রহের ১৫ দিন আগে জমি থেকে পানি নিষ্কাশন করে ফেলুন।

**আউশ ধান:**

- জমির পানির স্তর ৩-৪ ইঞ্চি বজায় রাখুন।
- রোগবালাই এর আক্রমণ থেকে রক্ষার জন্য নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন। প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা নিন।
- আউশ ধানে পানি নেমে যাওয়ার ৫-৭ দিন পর গ্যাপ ফিলিং করে পটাশ সার এবং তার ৩-৫ দিন পর ইউরিয়া সারের উপরি প্রয়োগ করুন। ধান আগাম কুশি বের হওয়া পর্যায়ে থাকলে এখনই ইউরিয়া সার প্রয়োগ করা যাবে না। ৫-৭ দিন পর প্রয়োজন হলে কুশি ভেঙে গ্যাপ ফিলিং করে ইউরিয়া সার উপরি প্রয়োগ করতে হবে। তবে এখন সব ধরনের জমিতেই বিঘা প্রতি অতিরিক্ত ৫ কেজি পটাশ সার ব্যবহার করা ভাল।
- যদি থ্রিপস ও সবুজ পাতা ফড়িং এর সংখ্যা ২৫% এর বেশী হয় তাহলে ১ লিটার পানিতে ১ মিলি হারে ম্যালাথিয়ন গ্রুপের বালাইনাশক প্রয়োগ করতে হবে।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**ভুট্টা:**

- রোগবালাই এর আক্রমণ থেকে রক্ষার জন্য নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন।
- জমিতে যেন পানি জমে থাকতে না পারে সেজন্য পানি নিষ্কাশনের সুব্যবস্থা রাখুন। জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- দন্ডায়মান ফসলে সেচ, সার ও বালাইনাশক প্রয়োগ এবং আন্ত:পরিচর্যা করা থেকে বিরত থাকুন।
- পরিপক্ক ফসল দ্রুত সংগ্রহ করে নিরাপদ জায়গায় সংরক্ষণ করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**চীনা বাদাম:**

- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- বৃষ্টি না থাকলে পরিপক্ক ফসল সংগ্রহ করুন।
- রোগ বালাই এর আক্রমণ থেকে রক্ষা  পেতে নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন। প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা নিন।
- আবহাওয়ার বর্তমান পরিস্থিতিতে টিক্কা রোগের আক্রমণ দেখা দিতে পারে। নিয়ন্ত্রনের জন্য প্রতি লিটার পানিতে ২ মিলি হেক্সাকোনাজল অথবা ১ গ্রাম কার্বেন্ডাজিম মিশিয়ে স্প্রে করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**সবজি:**

- পটল, কাকরোল প্রভৃতি সবজির ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধির জন্য হাত দিয়ে পরাগায়ন করানো যেতে পারে। নিয়মিত আন্ত:পরিচর্যা করতে হবে।
- গাছের গোড়া ও কান্ডে লেগে থাকা আঠালো কাদা পরিষ্কার পানি স্প্রে করে ধুয়ে ফেলুন। পচে যাওয়া থেকে রক্ষার জন্য প্রতি লিটার পানিতে ৪ গ্রাম হারে কপার অক্সিক্লোরাইড মিশিয়ে স্প্রে করুন।
- টমেটো, মরিচ ও বেগুন গাছ বাঁশের কঞ্চি দিয়ে বেঁধে রাখুন।
- জমিতে যেন পানি জমে থাকতে না পারে সেজন্য পানি নিষ্কাশনের সুব্যবস্থা রাখুন। জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- দন্ডায়মান ফসলে সেচ, সার, বালাইনাশক প্রদান ও আন্ত:পরিচর্যা করা থেকে বিরত থাকুন।
- পরিপক্ক ফসল দ্রুত সংগ্রহ করে নিরাপদ জায়গায় সংরক্ষণ করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**উদ্যান ফসল:**

- কলায় সিগাটোকা লীফ স্পট রোগের আক্রমণ দেখা দিলে বেশী আক্রান্ত পাতা কেটে সরিয়ে ফেলে প্রতি লিটার পানিতে ১ মিলি প্রোপিকোনাজল মিশিয়ে স্প্রে করুন।
- কেটে আনা কলার কাঁদি  শুকনো জায়গায় সংরক্ষণ করুন যেন বৃষ্টিপাতের কারণে রোগের আক্রমণ না হতে পারে।
- ঝোড়ো হাওয়ার কারণে ঢলে পড়া থেকে রক্ষার জন্য কলাগাছ, ফলের ছোট গাছ ও সবজিতে খুঁটির ব্যবস্থা করুন, আখের ঝাড় বেঁধে দিন।
- আবহাওয়ার বর্তমান পরিস্থিতিতে নারিকেলের বাড রট রোগ দেখা দিতে পারে। ১% বোর্দো মিক্সচার প্রয়োগ করুন।

- ফল বাগান থেকে অতিরিক্ত পানি নিষ্কাশনের জন্য নিষ্কাশন নালার ব্যবস্থা রাখুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**পাট:**

- জমি আগাছামুক্ত রাখুন।
- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- রোগবালাই এর আক্রমণ থেকে রক্ষার জন্য নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন এবং প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা নিন।
- বিছা পোকার আক্রমণ দেখা দিলে
  - ডিম সংগ্রহ করে ধ্বংস করুন
  - আলোক ফাঁদ ব্যবহার করুন
  - প্রতি লিটার পানিতে ১ মিলি হারে ইমিডাক্লোপ্রিড মিশিয়ে স্প্রে করুন।
- ঘোড়া পোকার আক্রমণ দেখা দিলে প্রতি লিটার পানিতে ১ মিলি হারে ইমিডাক্লোপ্রিড মিশিয়ে স্প্রে করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**পান:**

- দমকা হাওয়ায় বরজের বেড়া ভেঙে গেলে দ্রুত মেরামত করে নিন।
- নিয়মিত আন্ত:পরিচর্যা করুন।
- শিলাবৃষ্টি ও ঝড়ের ক্ষতিকর প্রভাব থেকে রক্ষার জন্য পান পাতার বিশেষ যত্ন নিতে হবে।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**আখ:**

- বিভিন্ন রোগবালাই এর আক্রমণ থেকে রক্ষার জন্য নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন এবং প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা নিন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**গবাদি পশু:**

- বিভিন্ন রোগ থেকে রক্ষার জন্য পশু চিকিৎসকের পরামর্শ অনুযায়ী টীকা প্রদান করুন।
- খামারের পশুকে ভিটামিন ও মিনারেল সমৃদ্ধ খাবার খেতে দিন।
- ভারী বৃষ্টিপাতের সময় গবাদি পশুকে ছাউনির নীচে রাখুন।
- গবাদি পশু উঁচু ও পরিষ্কার জায়গায় রাখুন।
- বজ্রসহ বৃষ্টির সময় গবাদি পশুকে বাইরে বের হতে দেওয়া যাবে না।
- পশুর থাকার জায়গার মেঝেতে যেন পানি জমে না থাকে সেদিকে লক্ষ্য রাখতে হবে।

**হাঁসমুরগী:**

- চিকিৎসকের পরামর্শ অনুযায়ী টীকা প্রদান করুন।
- উচ্চ তাপমাত্রা থেকে রক্ষার জন্য চালার চারদিকে চটের ব্যাগ ঝুলিয়ে দিন।
- ভিটামিন ও মিনারেল সমৃদ্ধ খাবার খেতে দিন।

**মৎস্য:**

- পুকুরের চারধার ক্ষতিগ্রস্থ হয়ে থাকলে মেরামত করে নিন।
- পুকুর থেকে অতিরিক্ত পানি বের করে দিন।
- যে কোন পরামর্শের জন্য স্থানীয় মৎস্য অফিসের সাথে যোগাযোগ রাখুন।

# দেশের বিভিন্ন এলাকার আবহাওয়া পরিস্থিতি

**গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমান (১০ জুন ২০২০, সকাল ০৬টা পর্যন্ত) এবং ০৯ জুন ২০২০ এ সর্বোচ্চ তাপমাত্রা, ১০ জুন ২০২০ এ সর্বোনিম্ন তাপমাত্রা নিচে দেওয়া হলোঃ**

| বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:) | সর্ব্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা | বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:) | সর্ব্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | ঢাকা | ০৫ | ৩৬.৫ | ২৬.৩ | রাজশাহী | রাজশাহী | ০০ | ৩৬.০ | ২৭.১ |
| | টাঙ্গাইল | ৩৯ | ৩৬.০ | ২৪.০ | | ঈশ্বরদী | ৩৬ | ৩৫.২ | ২৫.৩ |
| | ফরিদপুর | ০১ | ৩৫.৪ | ২৫.৯ | | বগুড়া | ০০ | ৩৫.৫ | ২৮.৫ |
| | মাদারীপুর | ০০ | ৩৬.০ | ২৭.১ | | বদলগাছী | ০০ | ৩৫.৬ | ২৮.৫ |
| | গোপালগঞ্জ | ০০ | ৩৫.৫ | ২৫.২ | | তাড়াশ | ০৫ | ৩৫.০ | ২৪.২ |
| | নিক্‌লি | ০৪ | ৩৪.৫ | ২৫.৫ | | | | | |
| | | | | | রংপুর | রংপুর | ০০ | ৩৫.৬ | ২৬.৬ |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ০০ | ৩৬.৫ | ২৭.২ | | দিনাজপুর | ০০ | ৩৫.৫ | ২৭.৭ |
| | নেত্রকোনা | ০০ | ৩৫.৭ | ২৭.৫ | | সৈয়দপুর | ০০ | ৩৫.৯ | ২৭.১ |
| | | | | | | তেঁতুলিয়া | ০০ | ৩৪.২ | ২৬.০ |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | সামান্য | ৩২.২ | ২৭.৫ | | ডিমলা | ০১ | ৩৫.১ | ২৭.২ |
| | সন্দ্বীপ | ০১ | ৩৩.৬ | ২৬.৪ | | রাজারহাট | ০০ | ৩৫.৫ | ২৬.৮ |
| | সীতাকুন্ড | ০৬ | ৩৫.২ | ২৬.৫ | | | | | |
| | রাঙ্গামাটি | ২৩ | ৩৫.৫ | ২৬.০ | খুলনা | খুলনা | ০০ | ৩৬.৫ | ২৮.৪ |
| | কুমিল্লা | ১২ | ৩৫.০ | ২৫.৪ | | মংলা | ০০ | ৩৫.৩ | ২৭.৭ |
| | চাঁদপুর | ০০ | ৩৬.৫ | ২৬.০ | | সাতক্ষীরা | ০০ | ৩৬.০ | ২৮.৪ |
| | মাইজদীকোর্ট | ১১ | ৩৫.০ | ২৬.৬ | | যশোর | ৪১ | ৩৪.০ | ২৬.৪ |
| | ফেনী | ১৮ | ৩৬.০ | ২৫.৫ | | চুয়াডাঙ্গা | ১২ | ৩৫.৭ | ২৭.০ |
| | হাতিয়া | সামান্য | ৩৪.০ | ২৭.০ | | কুমারখালী | ০০ | ৩৫.২ | ২৬.৪ |
| | কক্সবাজার | ০৩ | ৩৩.০ | ২৭.০ | | | | | |
| | কুতুবদিয়া | ০৫ | ৩২.৩ | ২৭.০ | বরিশাল | বরিশাল | ০০ | ৩৫.৪ | ২৭.৮ |
| | টেকনাফ | ০০ | ৩৩.০ | ২৫.০ | | পটুয়াখালী | ০০ | ৩৬.০ | ২৮.০ |
| | | | | | | খেপুপাড়া | ০০ | ৩৫.৪ | ২৬.৯ |
| সিলেট | সিলেট | ২৮ | ৩৬.০ | ২৬.০ | | ভোলা | ০০ | ৩৫.০ | ২৬.৪ |
| | শ্রীমঙ্গল | ২১ | ৩৫.৫ | ২৫.৪ | | | | | |

**প্রধান বৈশিষ্ট্য সমূহঃ-:**

- গত সপ্তাহে দেশের দৈনিক উজ্বল সূর্যকিরণ কালের গড় ৫.০০ ঘন্টা ছিল ।
- গত সপ্তাহে দেশের দৈনিক বাষ্পীভবনের গড় ৩.৫০ মিঃ মিঃ ছিল।


## সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ


**পূর্বাভাসঃ** চট্টগ্রাম, বরিশাল ও সিলেট বিভাগের অনেক জায়গায়; ঢাকা, ময়মনসিংহ, ও খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর ও রাজশাহী বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া সহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে চট্টগ্রাম ও সিলেট বিভাগে বিক্ষিপ্তভাবে মাঝারী ধরণের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে


**তাপমাত্রা ঃ** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।


**তাপ-প্রবাহঃ** ঢাকা, মাদারীপুর, টাঙ্গাইল, ফেনী, চাঁদপুর, সিলেট, ময়মনসিংহ, রাজশাহী, খুলনা, পটুয়াখালী ও সাতক্ষীরা অঞ্চলসমূহের উপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে।


## সপ্তাহের শেষে (০৯ জুন ২০২০ পর্যন্ত) আবহাওয়া প্যারামিটারের স্থানিক বন্টন






Minimum Temperature (°C)
(03/06/2020 - 09/06/2020)
(°C)
23 24 25 26 27 28



Anomaly Minimum Temperature (°C)
(03/06/2020 - 09/06/2020)
(°C)
-2 -1 0 1 2



Diurnal Temperature (°C)
(03/06/2020 - 09/06/2020)
(°C)
6 8 10 12


Anomaly Diurnal Temperature (°C)
(03/06/2020 - 09/06/2020)
(°C)
-1 0 1 2


Maximum Humidity (%)
(03/06/2020 - 09/06/2020)
(%)
82 87 92 97 100


Minimum Humidity (%)
(03/06/2020 - 09/06/2020)
(%)
50 57 64 71 78


Wind Speed (knots)
(03/06/2020 - 09/06/2020)
(knots)
0 1 2 3 4 5


Cloud Amount (Octa)
(03/06/2020 - 09/06/2020)
(Octa)
4 6 8

# আবহাওয়া পূর্বাভাস

## আবহাওয়া পূর্বাভাস ০৩/০৬/২০২০ হতে ১০/০৬/২০২০ তারিখ পর্যন্তঃ


এ সপ্তাহে দৈনিক উজ্জ্বল সূর্য কিরণ কাল ৫.০০ থেকে ৬.০০  ঘন্টার মধ্যে থাকতে পারে ।





এ সপ্তাহে সপ্তাহের বাষ্পীভবনের দৈনিক গড় ৩.০০ মিঃ মিঃ থেকে ৪.০০ মিঃ মিঃ থাকতে পারে।


- এ সময়ে ঢাকা, ময়মনসিংহ, সিলেট, চট্রগ্রাম, রাজশাহী ও রংপুর বিভাগের অনেক স্থানে এবং খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু স্থানে অস্থায়ী দমকা/ঝড়ো হাওয়াসহ হাল্কা (০৪-১০ মি. মি./প্রতিদিন) থেকে মাঝারি (১১-২২ মি. মি./প্রতিদিন) ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে এবং সেই সাথে দেশের দুই-এক স্থানে মাঝারি ধরণের ভারী (২৩-৪৩ মি. মি./প্রতিদিন) থেকে ভারী (৪৪-৮৮ মি. মি./প্রতিদিন) বর্ষণের সম্ভবনা রয়েছে।

- এ সময়ের সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা **১-২  সে** বৃদ্ধি পেতে পারে।





### আগামী ৫ দিনের জেলাওয়ারী পরিমানগত আবহাওয়া পূর্বাভাস (১০ জুন হতে ১৪ জুন ২০২০ পর্যন্ত)




Minimum Temperature (°C)
(10/06/2020 - 14/06/2020)
(°C)
25 27 29 31

Diurnal Temperature (°C)
(10/06/2020 - 14/06/2020)
(°C)
4 6 8 10

Maximum Humidity (%)
(10/06/2020 - 14/06/2020)
(%)
69 75 81 87

Minimum Humidity (%)
(10/06/2020 - 14/06/2020)
(%)
56 62 68 74 80



Wind Speed (knots)
(10/06/2020 - 14/06/2020)
1 3 5 7
(knots)

# বাংলাদেশের উপর বিভিন্ন উপগ্রহ **থেকে প্রাপ্ত তথ্যঃ**

| | |
|---|---|
| NOAA/VIIRS BLENDED NDVI composite for the week. No. 22 (26 May-01 June 2020) over Agricultural regions of Bangladesh | NOAA/ AVHRR BLENDED VCI composite for the week No. 22 (26 May-01 June 2020) over Agricultural regions of Bangladesh |
|   |   |
| NOAA/ AVHRR BLENDED TCI composite for the week No. 22 (26 May-01 June 2020) over Agricultural regions of Bangladesh | NOAA/ AVHRR BLENDED VHI composite for the week No. 22 (26 May-01 June 2020) over Agricultural regions of Bangladesh |
|   |   |

**Monitoring Meteorological Drought in Bangladesh using Standardized Precipitation Index (SPI)**

দেখা গেছে যে গত চার সপ্তাহের মধ্যে (মে সহ) ২০২০ উত্তর-পশ্চিমাঞ্চলে অবস্থিত জেলাগুলিতে অত্যন্ত ভেজা পরিস্থিতি বিরাজ করছে এবং হালকা থেকে মাঝারিভাবে ভেজা পরিস্থিতি উত্তর ও মধ্য অংশে এবং উত্তর-পূর্বাঞ্চলে বিরাজ করছে,  বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চল গত চার সপ্তাহ ধরে শুকনো পরিস্থিতি বিরাজ করছে। ।




ডেটা সোর্স: বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর